

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখ ও সময়ঃ ১০ মার্চ, ২০২২ খ্রিঃ, ১২.০০ ঘটিকায়।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সশ্যেলন কক্ষ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” এ সংযোজিত)

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়ঃ- প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, APA এর চুক্তি অনুযায়ী প্রতি তিন মাস অন্তর অন্তর ফ্যাশন ডিজাইন কোর্সে ২৫ জন এবং বিউটিফিকেশন কোর্সে ২৫ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান করা হয়। সদর কার্যালয়ের নির্দেশনা মতে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ১৪তম ও ১৫তম ব্যাচে ফ্যাশন ডিজাইন কোর্সে ৫০ জন ও বিউটিফিকেশন কোর্সে ৫০ জন করে মোট ১০০ জনের ভর্তি বিজ্ঞপ্তির বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ১২ মার্চ/২০২২ হতে ১০০ জন প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- ক্ষুদ্রঋণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, APA এর চুক্তি অনুযায়ী ডিসেম্বর/২০২১ মাসে ৩৫ জনকে ঋণ প্রদান করা হয়। বাকী ১৫ জনের জন্য আবেদন আহবান করা হলে ৫০ জনের আবেদন জমা হয়। পর্যাপ্ত পরিমাণ অর্থ ব্যাংকএ জমা থাকায় ৪১ জনের মাঝে ৪১০০০০/- (চার লক্ষ দশ হাজার) টাকা বিতরণ বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ৪১ জনের মাঝে ৪১০০০০/- (চার লক্ষ দশ হাজার) টাকা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(খাদিজা আক্তার)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

তারিখঃ- ১০/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং:-৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০১.২০১৭- ৫০(ক)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিস, গজারিয়া, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।



(রমজান উদ্দিন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: waogazaria@gmail.com